গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
www.doict.fulbaria.mymensingh.gov.bd

**বিষয়ঃ উপজেলা আইসিটি বিষয়ক কমিটির অক্টোবর/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আরিফুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা আইসিটি বিষয়ক কমিটি, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। |
| সভার তারিখ | ১৬ অক্টোবর, ২০২৫ খ্রি. |
| সভার সময় | বেলা ১২.৩০ ঘটিকা। |
| স্থান | উপজেলা পরিষদ সভাকক্ষ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। |
| উপস্থিতি | পরিশিষ্ট- "ক" তে সংযুক্ত |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়করণ করা হয় সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

১। সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনা। | **উপজেলা বাতায়নঃ** ফুলবাড়ীয়া উপজেলা বাতায়নে ৪০টি সরকারি দপ্তরের বাতায়ন সংযুক্ত রয়েছে। উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে তাদের কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ তথ্য দিয়ে শতভাগ হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়নঃ** ফুলবাড়ীয়া উপজেলার ১৩ ইউনিয়নের ১৩টি ওয়েবসাইট/তথ্য বাতায়ন হয়েছে। গত ৩০ জুলাই ২০২৫ তারিখে স্থানীয় সরকার বিভাগ এর ইউপি-১ শাখা থেকে স্মারক নং ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫.-৫৬০ এর মাধ্যমে সারাদেশের ইউনিয়ন পরিষদসমুহের ওয়েবসাইটে হালনাগাদ তথ্য উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়েছে। এবিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় সকল ইউনিয়নের ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারী ও ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগনকে ওয়েবসাইট হালনাগাদকরনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে মর্মে আলোচনা করা হয়। প্রশিক্ষণ প্রদান করা হলে বাতায়নসমূহ হালনাগাদ করা সহজ হবে। ইউনিয়ন পরিষদের ওয়েবসাইট/তথ্য বাতায়নে হালনাগাদ তথ্য উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট অংশীজনদের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ (সকল), ও উপজেলা আইসিটি অফিসার ।<br><br>ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ/প্রশাসক ও উদ্যোক্তাবৃন্দ। |
| ০২ | সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার ও সাইবার নিরাপত্তা বিষয়ক আলোচনা। | উপজেলা পর্যায়ে ও ইউনিয়ন পর্যায়ে সরকারি দপ্তরগুলিকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে প্রত্যেক দপ্তরের নামে ফেসবুকে পেইজ খুলে তথ্য আদান-প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে কিছুদিন পর পর ফেসবুকের পাসওয়ার্ড পরিবর্তন করে সাইবার জগতে নিজের ফেইজবুক একাউন্ট ও ফেইজবুক পেইজকে নিরাপদ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ (সকল), ও উপজেলা আইসিটি অফিসার । |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | উপজেলা/ পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিচালনা সংক্রান্ত আলোচনা। | ফুলবাড়ীয়া উপজেলায় ১৩টি ইউনিয়ন, ০১টি উপজেলা ডিজিটাল সেন্টারসহ মোট ১৪টি ডিজিটাল সেন্টার রয়েছে। প্রতিটি ডিজিটাল সেন্টারে একজন নারী ও একজন পুরুষ উদ্যোক্তা সার্বক্ষণিক নিযুক্ত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ফুলবাড়ীয়া পৌরসভা এ পর্যন্ত কোন ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়নি তাই দ্রুত ডিজিটাল সেন্টার স্থাপন করে জনগণের ডিজিটাল সেবা সহজে প্রাপ্তি নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। যে সকল ডিজিটাল সেন্টারে নারী উদ্যোক্তার পদ শুন্য রয়েছে দ্রুত সেসকল সেন্টারে নারী উদ্যোক্তা নিয়োগের ব্যবস্থা করতে হবে। | পৌর প্রশাসক/ ইউনিয়ন পরিষদের প্রশাসক/চেয়ারম্যানবৃন্দ ও উপজেলা আইসিটি অফিসার। |
| ০৪ | শিক্ষায় আইসিটির ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত আলোচনা। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) কর্তৃক প্রস্তুতকৃত ৭ম শ্রেণীর গণিত ও বিজ্ঞান বিষয়ের ডিজিটাল কনটেন্ট এর পাইলটিং কার্যক্রম গত ১৩ অক্টোবর ২০২৫ তারিখে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলার কুশমাইল ইউনিয়ন বদর উদ্দিন উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল কনটেন্ট এর কার্যকর ব্যবহার করার জন্য স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানের সকল কম্পনেন্ট (স্মার্ট বোর্ড, ডিজিটাল হাজিরা মেশিন, স্কুল অব ফিউচার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার) গুলি সার্বক্ষণিক ব্যবহার করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, আইসিটিডি ডিজিটাল ল্যাব, আইসিটিডি স্কুল অব ফিউচার, রোবটিক্স কর্নার, অন্যান্য কম্পিটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করার মাধ্যমে শিক্ষায় আইসিটির ব্যবহার বৃদ্ধি জোরধার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা আইসিটি অফিসার। |
| ০৫ | ডি নথি/ ই-নথির কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরে ই-নথি/ডি-নথি চালু হয়েছে তাদের দপ্তরের সকল দাপ্তরিক পত্র যোগাযোগ ই-নথি/ডি-নথি ব্যাবহার করে করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল দপ্তরে এখনো পর্যন্ত ডি-নথি চালু হয়নি, সেকল দপ্তরে দ্রুত ডি-নথি চালুর ব্যবস্থা করতে হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এর গত ২১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের স্মারক নং ৫৬.৮৩.০০০০.০০০.০১৩.৯৯.০০১৫.২২.১১০০২৮ এর মাধ্যমে উপজেলা পর্যায়ে ডি-নথি ব্যবহারকারী সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বদলি, পদায়ন ও অবসর গ্রহণসহ বিভিন্ন কারণে ডি-নথি সিস্টেম থেকে রিলিজ ও এসাইনের দায়িত্ব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে প্রদান করা হয়েছে। তাই উপজেলা পর্যায়ের দপ্তর এ কোন কর্মকর্তা-কর্মচারী যোগদান, বদলি ও অবসর গ্রহণ করলে তা উপজেলা আইসিটি অফিসারকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | দপ্তর প্রধানগণ (সকল), ও উপজেলা আইসিটি অফিসার |
| ০৬ | আইসিটির বিকাশ ও উন্নয়নে আইসিটি প্রশিক্ষণের ভূমিকা সংক্রান্ত আলোচনা। | ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ১২টি কম্পিউটার প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান রয়েছে। এ সকল প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অফিস এপ্লিকেশন ও ডাটাবেস প্রোগ্রামিং বিষয়ে জানুয়ারি/২০২৫ থেকে জুন ২০২৫ পর্যন্ত ৩৯০ জন প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ গ্রহণ করছে। তারা প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে আইসিটির বিকাশে ব্যাপক ভূমিকা রাখছে। প্রশিক্ষনের মান উন্নয়নের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সিলেবাস অনুযায়ী যথাযথভাবে প্রশিক্ষণ হচ্ছে কিনা তা সরেজমিন পরিদর্শন করে দেখা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য সভায় আলোচনা করা হয়। | উপজেলা আইসিটি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | বিবিধ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় ফুলবাড়ীয়া উপজেলায় গত জুন/২০২৪ তারিখ পর্যন্ত ২০টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। গত জুন/২০২৫ মাস পর্যন্ত আরো ১৭০টি প্রতিষ্ঠানসহ মোট ১৯২টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে আরো প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। সরেজমিন পরিদর্শন ও অনলাইন মনিটরিং এর মাধ্যমে জানা যায়, কিছু প্রতিষ্ঠান ইন্টারনেট বিল পরিশোধ না করায়, ইন্টারনেট সংযোগ নিষ্ক্রিয় রয়েছে। সে সকল প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করে দ্রুত ইন্টারনেট সংযোগ সক্রিয় করা ও সার্বক্ষনিক সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সভায় ইন্টারনেট সংযোগ সংক্রান্ত কোনো সমস্যা দেখা দিলে ইন্টারনেট সংযোগ প্রদানকারী ভেন্ডর প্রতিষ্ঠান এডিএন টেলিকম এর প্রতিনিধিদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল। যোগাযোগ নম্বর নিম্নরূপঃ<br>১. ফুলবাড়ীয়া পৌরসভা ও ফুলবাড়ীয়া ইউনিয়ন এরিয়া- হাসনাত- ০১৭০৩৬৬৯০৯৯<br>২. আছিম এরিয়া- জনাব ফরিদ-০১৭১৩৫৬৯০৩৮<br>৩. কেশরগন্জ এরিয়া জনাব সাইফুল -০১৭১৩৮৬৯৭৭২ এবং জনাব হোসেন-০১৭৩৩১৪৩৫৬৩<br>এছাড়াও যেকোন সমস্যার ক্ষেত্রে উপজেলা আইসিটি অফিসারকে অবহিত অনুরোধ জানানো হয়। সভাপতি মহোদয় ইন্টারনেট বিল বকেয়া থাকার জন্য ইন্টারনেট সংযোগ নিষ্ক্রিয় করার পূর্বে তিন মাস পর্যন্ত অপেক্ষা করার জন্য ভেন্ডর প্রতিষ্ঠানকে প্রতি নির্দেশনা প্রদান করেন।<br>অন্যদিকে ইডিসি প্রকল্পের আওতার বাইরে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলায় ০৮টি আইএসপি প্রতিষ্ঠান কাজ করছে। সে সকল প্রতিষ্ঠান থেকে ৬০০০ গ্রাহককে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। গ্রাহকগন যেন বিচ্ছিন্নভাবে ইন্টারনেট সেবা পায় সেই বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া বিটিআরসি কর্তৃক জারীকৃত নির্দেশমালা অনুসরণ করে আইএসপি প্রতিষ্ঠানসমূহ ইন্টারনেট গ্রাহকদের সেবা প্রদান ও গ্রাহকদের তথ্য সংরক্ষণ করা হচ্ছে কিনা এ বিষয়টি উপজেলা আইসিটি অফিসারকে তদারকি করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ইন্টারনেট সংযোগ প্রাপ্ত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান,<br>ভেন্ডর প্রতিষ্ঠান ও উপজেলা আইসিটি অফিসার। |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯-১০-২০২৫
মোঃ আরিফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি,
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি, ফুলবাড়ীয়া,
ময়মনসিংহ।

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৬১২০.০০০.০০১.০৬.০০০১.২৪.১১৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।।
৩। উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৪। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়িয়া, ময়মনসিংহ।
৫। উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।।
৬। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ফুলবাড়ীয়া,ময়মনসিংহ।
৮। অধ্যক্ষ, ফুলবাড়িয়া সরকারি মহিলা মহাবিদ্যালয়,ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৯। অধ্যক্ষ, ফুলবাড়ীয়া ডিগ্রী কলেজ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা,ফুলবাড়িয়া থানা,ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।।
১১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস,ফুলবাড়ীয়া,ময়মনসিংহ।
১২। সহকারী প্রকৌশলী, বিটিসিএল, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।।
১৩। প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) ফুলবাড়ীয়া সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়,ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
১৪। প্রধান শিক্ষক, আল হেরা একাডেমি, ফুলবাড়িয়া, ময়মনসিংহ।
১৫। সত্ত্বাধিকারী, এইচ এম ক্যাবল নেটওয়ার্ক লিমিটেড, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

২৯-১০-২০২৫
শরিফুল ইসলাম
উপজেলা আইসিটি অফিসার ফুলবাড়ীয়া,
ময়মনসিংহ